কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

ভোকেশনাল মোড়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম-৫৬০০

শরীফ ওসমান হাদির মৃত্যুতে কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের শোকবার্তা:

জুলাই গণ-অভ্যুত্থানের অকুতোভয় বীর সৈনিক, ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদি গত ১২ ডিসেম্বর, ২০২৫ তারিখে সন্ত্রাসীদের গুলিতে মাথায় গুলিবিদ্ধ হয়ে প্রায় এক সপ্তাহ মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে আজ ১৮ই ডিসেম্বর সিঙ্গাপুরে এক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন (ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

ওসমানী হাদির এমন মর্মান্তিক মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। তার এই অকাল মৃত্যুতে আমরা হারালাম একজন প্রকৃত দেশপ্রেমিক, সাহসী ও অকুতোভয় জুলাইযোদ্ধাকে।

দেশের এই সংকটকালীন সময়ে ওসমান হাদীর মতো এমন সাহসী ও দেশপ্রেমিক রাজনৈতিক ব্যক্তিত্বের খুব প্রয়োজন ছিল।

আমরা ওসমান হাদির হত্যাকাণ্ডের সাথে জড়িত সকল কুশীলব ও খুনিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাই।

পরিশেষে মহান রাব্বুল আলামীনের কাছে দোয়া করি ওসমান হাদিকে শহীদি মর্যাদা দিয়ে জান্নাতবাসী হিসেবে কবুল করুন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাই।

প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম
উপাচার্য
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়